দৈনিক সংবাদ

তারিখ ... 01 AUG 1994
পৃষ্ঠা ৭ কলাম ৮

95

# কুমিল্লা বোর্ডের প্রশ্নপত্র ফাঁস!

(নিজস্ব বার্তা পরিবেশক)

কুমিল্লা বোর্ডের এইচ,এস,সি পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে।

গতকাল রোববার চট্টগ্রাম ও ফেনীর বিভিন্ন এলাকায় বাংলা, ইংরেজী, বিজ্ঞানের প্রশ্নপত্র চড়ামূল্যে বিক্রি হওয়ার খবর পাওয়া গেছে। আজ সোমবার এইচ,এস,সি পরীক্ষার প্রথমদিনে বাংলা পরীক্ষা শুরুর অনেক আগেই বাংলাসহ অন্য বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ায় ছাত্র অভিভাবকসহ সংশ্লিষ্ট মহলে গভীর উৎকণ্ঠা দেখা দিয়েছে। প্রশ্নপত্র ফাঁস হয়ে যাবার ঘটনা কুমিল্লা বোর্ড কর্তৃপক্ষ অবহিত কি না সে ব্যাপারে কিছু জানা যায়নি।

ফেনী থেকে 'সংবাদ'-এর নিজস্ব সংবাদদাতা জানান, গতকাল রোববার ফেনী জেলার বিভিন্ন এলাকায় ফাঁস হয়ে যাওয়া বাংলা, ইংরেজী ও বিজ্ঞানের প্রশ্নপত্র (বিভিন্ন সেট) ফটোকপি করে বিক্রি করতে দেখা যায়। প্রতিসেট প্রশ্নপত্র ২শ' হতে ৩শ' টাকা মূল্যে বিক্রি হয়।

চট্টগ্রাম থেকে নিজস্ব বার্তা পরিবেশক জানান, বৃহত্তর চট্টগ্রাম উন্নয়ন গণসংগ্রাম কমিটির চেয়ারম্যান এস, এম জামালউদ্দিন ও সাধারণ সম্পাদক মযহারুল হক শাহ চৌধুরী গতকাল রোববার এক যুক্ত বিবৃতিতে কুমিল্লা বোর্ডের এইচ, এস, সি পরীক্ষার বিভিন্ন বিষয়ের প্রশ্নপত্র ফাঁস হওয়ার অভিযোগ করেছেন। তারা বলেন, পদ্মা, মেঘনা, যমুনা এই তিন সেট প্রশ্নপত্র বাজারে উচ্চমূল্যে বিক্রি হচ্ছে।